

আখেরী ছালাম
কাজী নজরুল ইসলাম

আখেরী ছালাম লও ওহে নানাজান
তোমার হোসেন যায় কারবালা ময়দান
কারবালা ময়দান গিয়া দিব গলা কাটাইয়া
আর না হবে দেখা ওহে নানাজান ।

তোমার হোসেন যায় কারবালা ময়দান
দুলদুলে ছওয়ার হয়ে কারবালা ময়দানে গিয়ে
কাটিয়া ফেলিব যত কাফের শয়তান ।

এজিদ জুলুম করিল মদিনায় না রইতে দিল
চক্রান্তে ছাড়িয়া দিলাম মদিনা মোকাম ।
তোমার হোসেন যায় কারবালা ময়দান ।